BANGLADESH ARMY UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY (BAUET)
QADIRABAD, DAYARAMPUR, NATORE-6431
PHONE: 02588-879775, Mobile: 01708-503503
Website: www.bauet.ac.bd, e-mail: registrarbauet@gmail.com



BAUET/এ/০০১/(১২)/২০২৬- ১৮৩১৮ তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০২৬

নোটিশ (সংশোধিত)

যানবাহনে চলাকালীন সময়ে নিরাপদে যাতায়াত/ভ্রমণের জন্য করণীয় বিষয়ে নির্দেশাবলী প্রসংগে

বরাতঃ

ক। বিএইউইটি, কাদিরাবাদ পত্র নম্বর BAUET/এ/০০১/(১২)/২০২৬-১৮৩১৬ তারিখ ১৭ সেপ্টেম্বর ২০২৬।

১। উপরোক্ত বিষয়ের আলোকে সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, কিছু শিক্ষার্থী/ব্যক্তিবর্গ যানবাহনে চলাকালীন সময়ে সম্ভাব্য বিপদাপদ উপেক্ষা করে নিম্নমানের যানবাহন ব্যবহার করে অথবা বাস/ট্রেন/লঞ্চের ছাদে ভ্রমণ করে থাকে যা খুবই ঝুঁকিপূর্ণ। সে প্রেক্ষিতে যানবাহনে চলাকালীন সময়ে নিরাপদে যাতায়াত/ভ্রমণের জন্য করণীয় বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

ক। নিজস্ব মালামালের চেক লিস্ট করে সেগুলো নিজ হেফাজতে রাখা। বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত আইডি কার্ড সঙ্গে রাখা। দামী জিনিস, গহনা, আংটি ও অতিরিক্ত অর্থ সাবধানে রাখা।

খ। বাস/ট্রেন/লঞ্চের ছাদে ভ্রমণ না করা এবং বাস/ট্রেনের জানালা দিয়ে হাত/মাথা বের করে সেলফি উঠানো বা বাহিরে হাত/মাথা বের না করা।

গ। অপরিচিত ব্যক্তিবর্গের নিকট হতে কোন খাবার/পানীয় গ্রহণ না করা।

ঘ। বাস/ট্রেন চলন্ত অবস্থায় আসন ত্যাগ করে চলাফেরা না করা এবং সর্বদা কানে হেডফোন/এয়ারফোন লাগিয়ে বর্তমান পরিস্থিতি থেকে দূরে না থাকা।

ঙ। বাহির থেকে ছোড়া ঢিল/পাথরের আঘাত থেকে আত্মরক্ষার্থে সতর্ক অবস্থানে থাকা এবং সকল প্রকার চেতনানাশক/নেশাজাতীয় দ্রব্যাদি থেকে বিরত থাকা।

চ। যাতায়াতের সময় যাদের বমি হয় তাদেরকে বমি নিবারণের জন্য পরিমিত আহার, প্রয়োজনীয় ঔষধ ও প্রতিষেধকমূলক প্রস্তুতি নিয়ে যানবাহনে আরোহণ করা এবং নিয়মিত মাস্ক ব্যবহার ও স্বাস্থ্যবিধি মেনে চলা।

ছ। নিম্নমানের যানবাহন পরিহার করা এবং পথিমধ্যে কারো সাথে কোন প্রকার ধর্মীয়, রাজনৈতিক বা ব্যক্তিগত ইস্যুতে ঝগড়া বিবাদে লিপ্ত না হওয়া।

জ। সর্বোপরি সড়ক, রেল এবং নৌপথে যাতায়াতের জন্য নির্দিষ্ট আইনি বিধি-নিষেধ ও নিয়মাবলী রয়েছে সেগুলো যথাযথভাবে অনুসরণ করা ও মেনে চলা।

ঝ। রাতের বেলা চলাচল/যানবাহন পরিহার করা।

২। বরাত ক হালনাগাদ করা হলো।

৩। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ মনজিনুল মুবীন
মেজর (অবঃ)
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার
পক্ষে উপাচার্য

বিতরণঃ
অভ্যন্তরীণঃ
কার্যক্রমঃ
সকল বিভাগীয় প্রধান (প্রশাসনিক ও একাডেমিক)
সকল ব্যাচ এডভাইজারগণ (ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসে নোটিশ জারীর মাধ্যমে অবগত করবেন)।
BAUET ওয়েবসাইট
সকল নোটিশ বোর্ড
অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
পরীক্ষা নিয়ন্ত্রক
সকল অনুষদের ডিনগণ
সকল পরিচালকগণ
হল প্রভোস্টগণ
প্রক্টর
ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান
ছাত্র কল্যাণ উপদেষ্টা

File: Notice